জেলা পরিষদ

দিনাজপুর

www.zpdinajpur.gov.bd

গাছ বিক্রয়ের বিজ্ঞপ্তি নং ০১/২০২৫-২৬ ।

স্মারক নং জেপদি/এক-৭৭/২০২৫-২০২৬/৫৮৭ তারিখ: ২১/০৯/২০২৫ খ্রি: ।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ জেলা পরিষদের অধীন নিম্নবর্ণিত গাছ বিক্রয়ের উদ্দেশ্যে দরপত্র আহবান করা যাচ্ছে।

"দরপত্রের সময়সূচী"

| দরপত্র ডাকের দফা | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | দরপত্র ক্রয় ও দাখিলের স্থান |
|---|---|---|---|---|
| ১ম দফা | ২২/৯/২০২৫ খ্রি: বেলা ৫.০০ ঘটিকা | ২৩/০৯/২০২৫ খ্রি: দুপুর ১.০০ ঘটিকা | ২৩/০৯/২০২৫ খ্রি: বেলা ৪.০০ ঘটিকা। জেলা পরিষদ, দিনাজপুর। | জেলা পরিষদ, দিনাজপুর/ জেলা প্রশাসকের কার্যালয় দিনাজপুর/ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, ........................, দিনাজপুর। |
| ২য় দফা | ২৯/০৯/২০২৫ খ্রি: বেলা ৫.০০ ঘটিকা | ৩০/০৯/২০২৫ খ্রি: দুপুর ১.০০ ঘটিকা | ৩০/০৯/২০২৫ খ্রি: বেলা ৪.০০. ঘটিকা। জেলা পরিষদ, দিনাজপুর। | |
| ৩য়দফা | ৮/১০/২০২৫খ্রি: বেলা ৫.০০ ঘটিকা | ৯/১০/২০২৫ খ্রি: দুপুর ১.০০ ঘটিকা | ০৯/১০/২০২৫ খ্রি: বেলা ৪.০০ ঘটিকা। জেলা পরিষদ, দিনাজপুর। | |

| গ্রুপ | গাছের বিবরণ | সরকারী মূল্য | সিডিউল মূল্য |
|---|---|---|---|
| ১ | জেলা পরিষদের মালিকানাধীন সদর পুরাতন ডাকবাংলো চত্বরে সংরক্ষিত কর্তনকৃত সেগুন ও জাম গাছের ৩৯ খন্ড কাঠ। | ৫৭,৫১৩/- ( সাতান্ন হাজার পাঁচশত তের) টাকা। | ২০০/- |
| ২। | জেলা পরিষদের মালিকানাধীন বীরগঞ্জ ডাকবাংলো চত্বরে সংরক্ষিত কর্তনকৃত রেইন্ট্রি গাছের ৩ টুকরা, কদম গাছের ৪ টুকরা, কাঁঠাল গাছের ২ টুকরা ও শিমুল গাছের ৩ টুকরা কাঠ । | ৮,৩২৭/- ( আট হাজার তিনশত সাতাশ) টাকা | ২০০/- |
| ৩। | জেলা পষিদের মাকিনাধীন বোচাগঞ্জ উপজেলায় আলমপুর বাজার হতে ২০০ মিটার ভাঙ্গা ব্রীজ সংলগ্ন রাস্তার ডানপার্শ্বে এবং একই রাস্তায় টেকনিক্যাল কলেজের সামনে রাস্তার বামপার্শ্বে ঝড়ে উপড়ে পড়া রাস্তার পার্শ্বস্থ ১টি আম গাছ ও ১টি শিশু গাছ। | ১১,৪২২/- এগার হাজার চারশত বাইশ) টাকা | ২০০/- |
| ৪। | জেলা পরিষদের মালিকানাধীন কাহারোল উপজেলায় দিনাজপুর ঠাকুরগাঁও মহাসড়কের ১১ মাইল হতে ১৩ মাইল সংলগ্ন স্থানে দন্ডায়মান মৃত ২টি শিমুল গাছ ও দিনাজপুর- ঠাকুরগাঁও মহাসড়কের ১১ মাইল সংলগ্ন ঝড়ে পড়া ১টি শিমুল গাছ। | মৃত দন্ডায়মান ২টি শিমুল গাছের মূল্য ৭,৫০০/- টাকা ও ঝড়ে পড়া শিমুল গাছের মূল্য ১,৫০০/- টাকা। | ২০০/- |
| ৫। | জেলা পরিষদের মালিকানাধীন নবাবগঞ্জ উপজেলায় বিরামপুর-নবাবগঞ্জ রাস্তায় নবাবগঞ্জ টিএন্ডটি গেটের পশ্চিম উত্তর কোনে ডায়মন্ড মার্কেটের সামনে ১টি মরা আম গাছ। | ৭৮৫/- (সাতশত পঁচাশি) টাকা। | ২০০/- |

**শর্তাবলী:**

১। দরপত্রের সাথে দরপত্রদাতার ১(এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি, সিডিউল ক্রয়ের মানি রশিদ কপি, ভ্যাট রেজিষ্ট্রেশন সনদপত্র সত্যায়িত ফটোকপি, হালনাগাদ ট্রেড লাইসেন্স সত্যায়িত ফটোকপি, হাল নাগাদ আয়কর পরিশোধের সনদপত্রের সত্যায়িত ফটোকপি, দিনাজপুর জেলা পরিষদ কর্তৃক লাইসেন্সের সত্যায়িত ফটোকপি, জামানত/বায়নার টাকার মুল বিডি/পিও, দরপত্রের নিজ মোবাইল ফোন নম্বর উল্লেখসহ সত্যায়িত নমুনা স্বাক্ষর দিতে হবে।

২। গাছের প্রদত্ত দরের ৫০% বিডি **(ফেরতযোগ্য)** "প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর" এর অনুকূলে দরপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।

৩। সিডিউল ক্রয়ের সময় দিনাজপুর জেলা পরিষদের লাইসেন্সের মূল বহি সঙ্গে আনতে হবে।

৪। নির্ধারিত তারিখে দাখিলের জন্য বিক্রিত সিডিউল পরবর্তী দফার ক্ষেত্রে পুন: ব্যবহারযোগ্য হবে না। ১ম দফায় দরপত্র সন্তোষজনক দর পাওয়া না গেলে একইভাবে পর্যায়ক্রমে ২য় ও ৩য় দফার দরপত্র আহবানের কার্যক্রম চলমান থাকবে।

৫। দরপত্র অনুমোদনের ১৫(পনের) দিনের মধ্যে প্রদত্ত দরের সমূদয় অর্থ জমাসহ শতকরা ১০% উৎসকর ও ১৫% ভ্যাট চালানের মাধ্যমে ব্যাংকে জমা করতে হবে এবং পরবর্তীতে সরকার কর্তৃক জারীকৃত হাল সন নাগাদ পর্যন্ত আয়কর ও ভ্যাট একসাথে পরিশোধ করতে বাধ্য থাকবেন।

৬। সর্বোচ্চ দরদাতার দর গৃহীত হলে প্রদত্ত দরের টাকা জমা প্রদানের সময় জামানত বাবদ ১৫% বিডি জমা করতে হবে, যা পরবর্তীতে ফেরতযোগ্য।

৭। দরপত্র দাখিলের পর গাছ কম/নষ্টের অযুহাতে প্রত্যাহার করা যাবেনা। দাখিলকৃত দরপত্র প্রত্যাহার করলে অথবা দরপত্র গৃহীত হওয়ার পর সংশ্লিষ্ট লটের গাছ/কাঠ কম, মরা, পঁচা, বা অন্য কোর ওজর আপত্তি উপথাপনপূর্বক লটের মূল্য পরিশোধ পত্র গ্রহণ করতে অস্বীকৃতি জানালে তার বায়নার টাকা সরকারী খাতে বাজেয়াপ্ত করা হবে। এতে দরপত্রদাতার কোন দাবী গ্রহনযোগ্য হবে না।।

৮। গাছ অপসারণের সময় গর্ত বিদ্যমান স্থাপনা কিংবা কারো কোন প্রকার ক্ষতি হলে দরপত্রদাতা তাঁর নিজ দায়িত্বে তা মিটাবেন/সমস্যা সমাধান করবেন।

৯। দর উল্লেখের ক্ষেত্রে কাটাকাটি, ঘষামাজা চলবে না। সংশোধনের জন্য একটানে কেটে সংশোধন পূর্বক স্বাক্ষর করতে হবে। দরপত্রের সকল পৃষ্ঠায় দরদাতাকে স্বাক্ষর করতে হবে।

১০। দরপত্র দাতা কোন শর্ত আরোপ করতে পারবেন না।

১১। ১ম ও ২য় সর্বোচ্চ দরদাতার বিডি দরপত্র সম্পূর্ণ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্তের পর এবং অন্যান্য দরদাতাদের বিডি পরবর্তী ধাপ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের ৩(তিন) দিন পর ফেরত প্রদান করা হবে।

১২। বনজদ্রব্য পরিবহন (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০১১ অনুসারে গাছ অপসারণের সময় স্থানান্তর/পরিবহনের জন্য বন বিভাগের নিকট থেকে চলাচল পাস(টিপি) গ্রহণ করতে হবে।

১৩। কর্তৃপক্ষ কোন কারণ না দর্শিয়ে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলে ক্ষমতা সংরক্ষণ করেন।

২১/০৯/২৫

( মোঃ আল আমিন )

সহকারী প্রকৌশলী

জেলা পরিষদ, দিনাজপুর।